

# স্বাধীন ভারতের দুর্গোৎসব

নগেন্দ্রনাথ দাস

এক আনা

# স্বাধীন ভারতের দুর্গোৎসব

স্বাধীন দেশে আমরা এবার করবো মায়ের পূজা,
সাড়া পড়েছে বাংলাদেশে আস্‌ছেন দশভূজা।
ঐ বাজে শাঁক ঐ বাজে ঢাক ঐরে উলুধ্বনি,
মায়ের পূজার উদ্বোধনে সানাই মধুর শুনি।
চাদিকেতে হট্টগোল সাজ সাজ রব শুধু,
গয়না পোষাক কেমন এল দেখ্‌ছে ঘরের বধু।
ব্ল্যাক মার্কেটে লাল হয়ে কেউ কিনেছে মোটর গাড়ী,
সুযোগ পেয়ে বানিয়ে নেছে রংচঙে এক বাড়ী।
এবার পূজোয় গিন্নীকে নিয়ে এরোপ্লেনে তুলে,
স্বাধীন দেশের হাওয়া খাবেন প্রেমের কপাট খুলে।
কয়লা রঙের গিন্নী কত সাবান ঘষেন গায়,
কর্ত্তা বলেন রঙ্‌ ফুটেছে চেনাই এখন দায়।
রূপসী নারী সেজে গুজে রূপের আলো জ্বালে,
ঠোঁটে গালে রঙ্‌ মাখিয়ে খুশীর সুধা ঢালে।
এবার পূজোয় হীরের মুকুট মতির মালা পরে',
চোরা কারবারীর গিন্নীর মুখে হাসি আর না ধরে।
যাদের খুন রঙ্‌ ধরে' আজ ধনীর আমেজ চলে,
তারাই এখন হচ্ছে মাড়াই ধনীর পায়ের তলে।
নূতন ধনী গজিয়ে ওঠে ব্যাঙের ছাতার মত,
চোরাবাজারে অতি মুনাফা করেছে অবিরত।

মধ্যবিত্ত গৃহস্থ আজ না খেয়ে তাই মরে,
পরণে নাই বস্ত্র তাদের লজ্জা ঢাকে করে।
আনন্দময়ীর আগমনে আনন্দ তাদের নাই,
এমন দিনে চোখের জলে বুক ভাসাচ্ছে ভাই!
অগ্নিমূল্যে খাদ্য কিনে প্রাণ বাঁচাতে হয়
চোরাবাজারের ছোরা খেয়ে প্রাণটা তাদের যায়।
মধ্যবিত্ত গৃহস্থ তাই কেঁদে আকুল আজ,
চা'ল পায়না কয়লা পায়না মাথায় পড়ে বাজ।
হট্টমন্দিরের অন্ন যারা নিত্য তোলে গ্রাসে,
হটেল বন্ধ হচ্ছে এখন চোখের জলে ভাসে।
হায়রে তাদের কপালপোড়া হটেল খোলা পেলে,
লাইনবন্দী দাঁড়িয়ে থাকে যদি দু'মুঠো ভাত মেলে।
পেচ্ছাব পেলেও লাইন ছাড়েনা কাপড়-চোপড় নষ্ট,
সহরে আজ কি দুর্গতি ভাতের তরে কষ্ট।
কি দুর্দ্দশা করেছে দেশের চোরা কারবারীরা মিলে,
তারাই এমন সর্ব্বনাশের আগুন জ্বেলে দিলে।
এবার তাদের শাস্তি ভীষণ রক্ষা কারো নাই,
কংগ্রেস-শাসন চল্‌বে কঠোর দেখ্‌তে পাবে ভাই।
কোটি কোটি গরীবের মাঝে হাজার কয়েক ধনী,
গরীব মেরে খাচ্ছে যারা এবার বুঝ্‌বে যাদুমণি!
চল্‌বে না আর বাবুগিরি পরের টাকায় ফুর্ত্তি,
মা আস্‌ছেন স্বাধীন দেশে এবার নূতন মূর্ত্তি!

হাজার বছর পরাধীনতার জ্বালা সয়েছে দেশ,
ইংরাজ শাসনের অত্যাচারে দুর্গতির নাই শেষ।
কৃষকের দেশ ভারতবর্ষ—চাষীরা মরেছে কেঁদে,
পাট চাষ করে' তারি ফাঁস দিয়ে মরেছে গলায় বেঁধে।
গামছা পরে' করে লজ্জা নিবারণ দু'বেলা জোটেনা অ
অর্দ্ধনগ্ন নরনারী তাদের জীবন কেটেছে ঘৃণ্য।
আইনের বলে করে'ছে দেশের লবণ তৈরী বন্ধ,
লিভরপুলের নুন খাওয়ালো মাখানো বিলাতি গন্ধ।
নীলকর সাহেবের অত্যাচার ছিল ঠেঙ্গিয়ে মার্তো চা
বেত্রাঘা'তে দেহ জর্জ্জরিত হ'ত—ফুরাল দেশের হাসি।
ভারতের চাষী করে' দিত চাষ ইংরাজ লুটিত অর্থ,
নীলের চাষে হয় সর্ব্বনাশ ভারতবাসীর স্বার্থ।
তাঁতি জোলারা বুন্‌তো কাপড় বেচ্‌তো দেশের হাটে,
আঙ্গুল কেটে দিয়েছে তাদের কান্নায় বুক ফাটে।
জাহাজ ভর্ত্তি ম্যাঞ্চেষ্টারের কাপড় আসে দেশে,
অস্ত্র দেখিয়ে বিলিতি কাপড় পরালো তারা শেষে।
কলেজে তারা শিক্ষা দিয়েছে আমরা অধম জাত,
আমরা বেড়াই আধ-নেংটা খাই পান্তা ভাত।
আমরা নাকি অতি অসভ্য বর্ব্বর অতি হীন,
সাহেব সেজে বেড়ালে নাকি সুখেই যাবে দিন!
আসন ফেলে দেশের লোকে চেয়ারে দিল তুলে,
কোট প্যাণ্টুন পরে' বাবুরা দেশকে গেল ভুলে।

ইংরাজী শিখে ভারতবাসীকে পণ্ডিত হ'তে হ'ল,
টিকী চৈতন ছাঁটাই করে' গোঁফ কামিয়ে দিল।
ধর্ম্মমতে বুঝিয়ে দিল ক্রীশ্চানেরা সভ্য,
যীশুখৃষ্ট না ভজ্‌লে জীব হয়না কভু ভব্য।
ভারতবাসী খৃষ্টান হ'ল নিজের ধর্ম্ম ছেড়ে,
হিন্দুজাতির সমাজ থেকে মানুষ নিল কেড়ে।
ইংরাজী শিখে, খৃষ্টান হ'য়ে বাবুর সভ্যতার চোখ ফোটে,
হাঁসা-ফ্যাকাসে কটা-চোখ-মেম বিয়ে কর্‌তে ছোটে।
সভ্যদেশের মেমের পীরিত আরাম কত তায়,
ছ'দিন প্রেমের কানমলা খেয়ে ডাইভোর্সের লাথি খায়।
ইংরাজী শিক্ষা বেশ পেয়েছে ব্রাণ্ডি শ্যাম্পেন পেয়ে,
রাস্তার ড্রেণে গড়িয়ে পড়েন সভ্যতার পাঁকে গিয়ে।
ইংরাজজাতি ভারতবাসীর করেছে কি সর্ব্বনাশ!
কুশিক্ষা দিয়ে পরিয়ে গলায় দিয়েছে মরণ ফাঁস।
বিলিতি প্যাটার্ণে গড়ে' দেশকে ব্যবসা চালাতে চায়,
বিলিতি ওষুধ বিলিতি দুধ এখন ভারতবাসীরা খায়।
ভারতবর্ষে ব্যবসা চালাতে চেষ্টার ছিল না শেষ,
দেড়শ বছর ইংরাজ জাতি লুটে খেয়েছে বেশ!
বন্ধুরূপে আসেনি, ঐ বিদেশী বনিক দল,
এসেছিল হরণ কর্ত্তে ভারতবাসীর বল।
শত্রুকে তাই তাড়াতে গিয়ে দেশের কল্যাণ তরে,
কত ক্ষুদিরাম, কানাই, যতীন দেশভক্ত বীর মরে।

কত নিরস্ত্র অহিংস বীর মরে ইংরাজের করে,
স্বার্থে আঘাত পড়্‌লো যখন গলাটা টিপে ধরে।
হাজার হাজার জীবন বলি—স্বাধীনতা তাই আসে,
ভারত ছেড়ে ইংরাজ আজ জাহাজে গিয়ে ভাসে।
ইংরাজ গেলেও কুশিক্ষা তাদের ভরে' আছে এই দেশে,
চোর দস্যু তৈরী হয়েছে ঘুষখোর সর্ব্বনেশে!
চোরাকারবারী সৃষ্টি হ'য়েছে কুশাসনের ফলে,
হাহাকার দেশজোড়া আজ ধ্বংসের আগুন জ্বলে।
দেশের শত্রু ইংরাজ গেছে, ঘরে আছে শত্রু পোরা,
লোভী বাড়ীওলা ডাকাতি চালায় ভাড়াটিয়া বধ-করা।
চোরাকারবারী ধনিকের দল খাঁড়া হাতে আছে বসে,
মধ্যবিত্ত গৃহস্থ-বধে বেঁধেছে কোমর কষে'।
তাদের শাসন কর্ত্তে এবার আইন কঠোর চাই,
দস্যুবৃত্তি উচ্ছেদ ছাড়া বাঁচ্‌বার আশা নাই।
দেশের যত পাপ অনাচার কর্‌তে হ'বে দূর,
পাপ রাজত্বের অবসানে হোক্ পুণ্যের সুরপুর।
সেই দেশেতে উঠ্‌বে তখন ওঁ শান্তি রব,
ধন্য হ'বে—পূর্ণ হ'বে সাধের দুর্গোৎসব!

---

প্রিণ্টার—শ্রীনগেন্দ্রনাথ দাস কর্ত্তৃক "সরস্বতী প্রিণ্টিং ওয়ার্ক
১৬৮।১সি, রমেশ দত্ত ষ্ট্রীট হইতে মুদ্রিত ও প্রকাশিত।

— মহাজাতি সাহিত্য মন্দিরের অন্যান্য পুস্তকাবলী—

১। ভাতের হাঁড়ি—য়মের রাড়ী /০, ২। যমরাজার বাঙলায় আগমন /০, ৩। বাঙালী জব্দ ভাতে /০, ৭। শ্যামের বাঁশী বা সাইরেন /০, ৫। কনট্রোলের ডামাডোল /০, ৬। মহাযুদ্ধের সাক্ষীগোপাল /০, ৭। হিটলারের নরমেধ-যজ্ঞ /০, ৮। কাপড়ে আগুন /০, ৯। ভারতমাতার বস্ত্রহরণ /০, ১০। নেতাজীর অমর কীর্ত্তি /০, ১১। আজাদ হিন্দ ফৌজ /০, ১২। ধর্ম্মঘটে চাঁদের হাট /০, ১৩। বিশ্বশান্তির ডুগ্‌ডুগি /০, ১৪। জয় হিন্দ /০, ১৫। আজাদ হিন্দ নেকড়ে বাঘ /০, ১৬। পেট শাসন—ভূঁড়ি অপারেশন /০, ১৭। ভারতের বীর নারী /০, ১৮। নেতাজীর পলায়ন কাহিনী /০, ১৯। গৃহযুদ্ধ /০, ২০। বিষাদ-সিন্ধু /০, ২১। বউ কথা কও /০, ২২। ঐ রে ঐ রাক্ষসী আসে /০, ২৩। ভারত ছাড়ো /০, ২৪। নয়া হিন্দুর অভিযান /০, ২৫। এ্যাটম বোমার শতনাম /০, ২৬। জয় যাত্রা /০. ২৭। বুড়োর কাণ্ড /০, ২৮। চাবুক /০, ২৯। হাস্য রহস্য /০, ৩০। স্বাধীন ভারতের গোড়াপত্তন /০, ৩১। আশার আলো /০, ৩২। দুই জাতি—দুই দেশ /০, ৩৩। বাঙ্গালী হিন্দুর স্বাধীন রাষ্ট্র /০, ৩৪। কুলীনের মেয়ে /০, ৩৫। নূতন বিয়ের আইন /০, ৩৬। স্বাধীন ভারতের উৎসব /০, ৩৭। পাকিস্তানের জন্ম /০, ৩৮। ফটিক জল /০, ৩৯। মানভঞ্জন /০, ৪০। ক্ষুদিরামের ফাঁসী /০, ৪১। আগমনী /১০, ৪২। স্বাধীন ভারতের দুর্গোৎসব /০. ৪৩। স্বাধীন হিন্দুস্থান ৵০, ৪৪। শহীদ ক্ষুদিরাম ৶০, ৪৫। বাঘা-যতীনের লড়াই ৶০, ৪৬। স্বাধীন ভারতের বিজয় নিশান ।০, ৪৭। নেতাজীর মাতৃপূজা /০, ৪৮। আনন্দে গিয়েছে দেশ ছেয়ে।০ আনা। উক্ত ৪৮খানি /০ আনা ৵০আনা ৶০ আনা ও ।০ আনা মূল্যের পুস্তক একত্রে ডাকমাশুল সহ ভিঃ পিঃতে ৩৸০ তিন টাকা বারো আনা।

মহাজাতি সাহিত্য মন্দির—১৬৮।১সি রমেশ দত্ত ষ্ট্রীট, কলিকাতা।

## মহাজাতি সাহিত্য মন্দিরের অন্যান্য পুস্তক

**বাঙ্গালী মেয়ের আকাশ যুদ্ধ**—ভয়ঙ্কর রোমাঞ্চকর কাহিনী। এই পুস্তকখানি পড়িতে যেমন আগ্রহ জাগে, তেমনই তরুণ তরুণীদিগকে বিমান-জগতে কৃতিত্ব অর্জ্জনে উদ্বুদ্ধ করে। মূল্য দেড় টাকা। ভিঃ পিঃতে মাশুলসহ সাত সিকা।

**ঠাকুরমার হারানো খাতা**—অতি সুন্দর কবিতায় লেখা লতা পাতা, ফল-মূল, গাছগাছড়ার গুণাগুণ। প্রত্যেক গৃহস্থের নিত্য প্রয়োজনীয় পুস্তক। মূল্য ১॥০ টাকা। ডাকমাশুল সহ ভিঃ পিঃ তে ১৸০ সাত সিকা।

**দেশসেবায় পুণ্য—দেশজননী ধন্য**—এমন সুন্দর মূল্যবান পুস্তক বাজারে আর নাই। পড়িতে পড়িতে প্রাণ নাচিয়া ওঠে। মূল্য ৩৲ টাকা। ডাকমাশুল সমেত ৩৶০ তিন টাকা ছয় আনা।

**বড় ঘরের বউ**—রাজপথে টেনে নিয়ে এল এক সয়তান যে সুন্দরী কুলবধুকে—কি তার পরিণাম পড়িতে পড়িতে হৃদয় অভিভূত হইয়া পড়ে। মূল্য ৩॥০ টাকা। ভিঃ পিঃ তে ৪৲ টাকা।

**পাকিস্থানের মেয়ে**—( বাহির হইতেছে ) অতি ভয়ঙ্কর কাহিনী পড়িতে পড়িতে শিহরিয়া উঠিবেন—শিরায় শিরায় রক্তনাচন দেখা দিবে। মূল্য ২৲ টাকা ভিঃ পিঃ তে ২৶০ দুই টাকা ছয় আনা।

**স্বাধীন ভারতের ইতিহাস**—(বাহির হইতেছে) ভারতের স্বাধীনতার সমগ্র কাহিনী এবং দেশ নেতাদের অসংখ্য ছবি দেখিতে পাইবেন। মূল্য ৩৲ টাকা। ভিঃ পিঃ ৩॥০ টাকা।

**মহাজাতি সাহিত্য মন্দির**

১৬৮।১সি, রমেশ দত্ত ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা।